গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-২ শাখা
www.minland.gov.bd

১৫ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ: -------------------------
২৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৫১.৬৮.০১০.১৮-১০০

**বিষয়ঃ নতুন হাট ও বাজার স্থাপন/পুরাতন হাট ও বাজার বিলুপ্তির ক্ষেত্রে অনুসরণীয় বিষয়।**

ভূমি-সংক্রান্ত নাগরিক সেবা আরও গতিশীল, স্বচ্ছ, দুর্নীতিমুক্ত এবং জনবান্ধবকরণের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় নিরন্তর প্রয়া চালিয়ে যাচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের পক্ষে জেলা ও উপজেলা প্রশাসন ব্যবস্থাপনা এবং ভূমি-সংক্রান্ত নাগরিক সেবা প্রদান করে থাকে জনগণের পক্ষে কোন সেবা প্রাপ্তির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান কোন কোন ক্ষেত্রে জানা সম্ভব নহে এ কারণে লক্ষ্য করা যাচ্ছে যে, নতুন হাট ও বাজার স্থাপন এবং পুরাতন হাট ও বাজার বিলুপ্তি সংক্রান্তে মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের সা সংশ্লিষ্ট আইন ও বিধিমালা অনুযায়ী অত্যাবশ্যকীয় কাগজপত্রাদি এবং তথ্য থাকে না। এ রকম অসম্পূর্ণ ও অপর্যাপ্ত তথ্যসহ প্রস্ বিবেচনা করার সুযোগ নেই। ফলে, অনেক ক্ষেত্রে একাধিকবার তথ্য চাওয়ার প্রয়োজন হয়। এতে দ্রুত সেবা প্রদান বিলম্বিত হয়, মোটেই কাম্য নয়।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে, নিম্নবর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক নতুন হাট ও বাজার স্থাপন/পুরাতন হাট ও বাজার বিলুপ্তির প্রস্তার প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল :

ক. নতুন হাট ও বাজার স্থাপনের ক্ষেত্রে আত্যবশকীয় কাগজপত্র/তথ্যাদি:

| |
|---|
| বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত আদেশনামা (কেসনথিসহ); |
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক সরেজমিন তদন্ত প্রতিবেদন; |
| জেলা প্রশাসকের নামে ১ নং খতিয়ানভুক্ত প্রস্তাবিত জমির তফসিলসহ বিস্তারিত বিবরণ/দানকৃত সম্পত্তির দলিল; |
| জেলা প্রশাসকের নামে নামজারির সত্যায়িত অনুলিপি; |
| প্রস্তাবিত জমিতে তোহা বাজার, চান্দিনা ভিটি, বন্দোবস্তযোগ্য জমি, জনগণের চলাচলের রাস্তা, গণশৌচাগার এবং পানীয় জলের ব্যবস্থা ইত্যাদি ভিন্ন ভিন্ন কালিতে চিহ্নিত করে জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর ও সীল সম্বলিত ০৪ (চার) কপি স্কেচম্যাপ; |
| সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর প্রতিবেদন; |
| হাট ও বাজার প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা উল্লেখসহ আবেদন/অনুরোধপত্র; |
| একই উপজেলায় অন্যান্য হাট ও বাজার থেকে প্রস্তাবিত নতুন হাট ও বাজারের দুরত্ব এবং সপ্তাহে হাট বসার দিন সমূহ; |
| প্রস্তাবিত জমি নতুন হাট ও বাজার স্থাপনের উপযোগী মর্মে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রত্যয়নপত্র। |

খ. পুরাতন হাট ও বাজার বিলুপ্তির ক্ষেত্রে আবশ্যকীয় কাগজপত্র/ তথ্যাদি :

| |
|---|
| বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত আদেশনামা (কেসনথিসহ), |
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)কর্তৃক সরেজমিন তদন্ত প্রতিবেদন; |
| বিলুপ্তির জন্য প্রস্তাবিত হাট ও বাজার এর জমির বিস্তারিত বিবরণ; |
| হাট ও বাজার সৃজন সংক্রান্তে সংশ্লিষ্ট কেস নথি/আদেশের সত্যায়িত কপি; |
| হাট ও বাজার বিলুপ্তির প্রয়োজনীয়তা সংক্রান্ত সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর প্রতিবেদন; |
| হাট ও বাজার বিলুপ্তি আবেদন/অনুরোধপত্র; |
| হাট ও বাজার বিলুপ্তি-সংক্রান্তে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রত্যয়নপত্র; |
| হাট ও বাজার বিলুপ্তির কারণ এবং বিলুপ্তকৃত হাট/বাজার এর জমি জনকল্যাণমূলক কি কি কাজে ব্যবহৃত হবে তৎসংক্রান্ত তথ্যাদি; |

২৮/৪/১৯
(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব

জেলা প্রশাসক
----------------------(সকল)

(অপর পৃষ্ঠায় দ্র